**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# স্টেটজুড়ে 5,000টি পর্যন্ত সহায়তামূলক আবাসিক ইউনিটের জন্য কার্যক্রম পরিচালনা করার তহবিল প্রদান করতে গভর্নর হোকলের 125টি অনুদান প্রদানের ঘোষণা

***এসব অনুদান 10,000টি সহায়তামূলক আবাসিক ইউনিট নির্মাণ বা সংরক্ষণ করার জন্য গভর্নর হোকলের ঐতিহাসিক 25 বিলিয়ন ডলারের পাঁচ বছর মেয়াদী পরিকল্পনাকে সহায়তা করছে***

গভর্নর ক্যাথি হোকল আজ প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি, ঘরোয়া ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার হওয়া ভুক্তভোগী, ভেটেরান এবং দীর্ঘস্থায়ীভাবে গৃহহীন পরিবারগুলোর পাশাপাশি অন্যান্য ব্যক্তির মধ্যে মানসিক অসুস্থতা অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত ব্যক্তিদেরকে সেবা প্রদান করার জন্য 5,000টি পর্যন্ত সহায়তামূলক আবাসিক ইউনিটের পরিষেবা প্রদান এবং কার্যক্রম পরিচালনা করার ব্যয় নির্বাহের জন্য বার্ষিক তহবিল প্রদান করতে 125টি শর্তসাপেক্ষ অনুদান বরাদ্দ দেওয়ার কথা ঘোষণা করেছেন। এই 125টি শর্তসাপেক্ষ অনুদান এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) সপ্তম রাউন্ডের মাধ্যমে 35টি কাউন্টিতে সহায়তামূলক আবাসিক ইউনিটের জন্য তহবিল প্রদান করবে এবং গ্রহীতাদেরকে আবাসন প্রকল্পগুলোতে অর্থায়নের জন্য পৃথক মূলধনী তহবিল সংগ্রহ করার সুযোগ করে দেবে।

"সব নিউ ইয়র্কবাসীর নিজের বাড়ি হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি নিরাপদ, সাশ্রয়ী স্থান থাকা উচিত, বিশেষ করে আমাদের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ মানুষদের," **বলেছেন গভর্নর হোকল।** "এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ আবাসনের অস্থিতিশীলতার মূল কারণগুলো মোকাবেলা করা এবং গৃহহীন অবস্থায় থাকা মানুষদেরকে স্বনির্ভরভাবে নিরাপদে জীবনযাপন করার জন্য তারা নির্ভর করতে পারবেন এমন পরিষেবাগুলো প্রদান করার জন্য আমাদের প্রচেষ্টায় একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিদ্যমান রয়েছে।"

পরিষেবা প্রদান এবং কার্যক্রম পরিচালনা করার ব্যয় নির্বাহের জন্য প্রদান করা এসব শর্তসাপেক্ষ অনুদান কোনো প্রকল্পের জন্য একীভূত সাশ্রয়ী সহায়তামূলক আবাসন তৈরি করার জন্য নতুন নির্মাণকাজ সম্পন্ন করা, অনাবাসিক সম্পত্তির সামঞ্জস্যপূর্ণ পুনর্ব্যবহার, অথবা অনিয়ন্ত্রিত আবাসিক সম্পত্তির পুনর্বাসনের উপায় নিশ্চিত করার উপর নির্ভর করবে। এই বছর অনুদান প্রাপ্তির জন্য মূলধন সংক্রান্ত শর্তগুলো পূরণ করতে সক্ষম হওয়া প্রথম প্রকল্পগুলো 1,400টি পর্যন্ত নতুন সহায়তামূলক আবাসিক ইউনিট তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে,

যেগুলোর কার্যক্রম পরিচালনার জন্য প্রদত্ত অনুদানের পরিমাণ 30 মিলিয়ন ডলার পর্যন্ত হতে পারে।

এই শর্তযুক্ত বরাদ্দ টার্গেটকৃত উপযুক্ত জনগোষ্ঠীর আবাসনের স্থিতিশীলতা নিশ্চিত করতে তাদেরকে ভাড়া সংক্রান্ত সহায়তা ও পরিষেবাসমূহ প্রদানের জন্য ব্যবহার করা হবে। এটি চালু হওয়ার পর থেকে এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগ ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সেবা প্রদান করা 7,400টিরও বেশি ইউনিটের জন্য কার্যক্রম পরিচালনা করার তহবিল প্রদান করেছে।

এই উদ্যোগ গৃহহীন অবস্থায় থাকা ভেটেরান এবং তাদের পরিবার; ঘরোয়া ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা থেকে বেঁচে ফিরে আসা ব্যক্তি; প্রবীণ বা দুর্বল বয়স্ক ব্যক্তি; কারাভোগ করার, গৃহহীন অবস্থায় থাকার, অথবা ফস্টার কেয়ারে থাকার ইতিহাস রয়েছে এমন তরুণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি; দীর্ঘদিন ধরে গৃহহীন অবস্থায় থাকা ব্যক্তি ও পরিবারগুলো; বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তি; কারাগার থেকে বের হয়ে পুনরায় সমাজে প্রবেশ করতে যাচ্ছেন এমন ব্যক্তি; HIV বা এইডস, গুরুতর মানসিক অসুস্থতা এবং/অথবা মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যায় আক্রান্ত হয়ে বসবাস করছেন এমন ব্যক্তিদেরকে সেবা প্রদানকারী সহায়তামূলক পরিষেবা প্রদানকারীদের জন্য কার্যপরিচালনার তহবিল প্রদান করে। স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) এই তহবিলের জন্য নেতৃত্বে থাকা প্রোকিউরমেন্ট এজেন্সি হিসেবে কাজ করছে, যে অনুদান ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদেরকে সেবা দেওয়ার জন্য কাজ করা আটটি স্টেট সংস্থার আন্তঃসংস্থা ওয়ার্কগ্রুপগুলোর মাধ্যমে ছড়িয়ে দেওয়া হয়

এই উদ্যোগের মাধ্যমে প্রদানকৃত তহবিল টার্গেটকৃত উপযুক্ত জনগোষ্ঠীর আবাসনের স্থিতিশীলতা নিশ্চিত করতে তাদেরকে ভাড়া সংক্রান্ত সহায়তা ও পরিষেবাসমূহ প্রদানের জন্য ব্যবহার করা যাবে। অনুমোদিত ব্যবহারগুলোর মধ্যে ভাড়া সংক্রান্ত ভর্তুকি এবং বাসস্থান ধরে রাখার অন্যান্য খরচ; আবাসনের প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদের শনাক্ত করা ও খুঁজে বের করার জন্য পরিষেবা বা কর্মী; প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্যসেবা; কর্মসংস্থান ও কারিগরি প্রশিক্ষণ; শিক্ষাগত সহায়তা, সন্তান লালন-পালনের দক্ষতা উন্নয়ন ও সহায়তা; চাইল্ড কেয়ার সহায়তা; কাউন্সেলিং ও সংকটকালীন মধ্যস্থতা; শিশুদের পরিষেবা, যেমন শিক্ষা সংক্রান্ত পরামর্শ, সহায়তা ও কাউন্সেলিং; এবং ব্যক্তি ও পরিবারগুলোকে স্থিতিশীল আবাসনে থাকতে সাহায্যকারী পরিষেবাগুলোর সাথে সম্পর্কিত ব্যয়সমূহ অন্তর্ভুক্ত রয়েছে।

গবেষণায় দেখা গেছে যে স্থায়ী সহায়তামূলক আবাসন কর্মসংস্থান, স্কুলে উপস্থিতির হার, এবং মানসিক ও শারীরিক সুস্থতার উপর একটি ইতিবাচক প্রভাব ফেলার পাশাপাশি আশ্রয়কেন্দ্র, হাসপাতালের বেড, ইমার্জেন্সি রুম, কারাগার, ও জেলখানার চাহিদা কমিয়ে আনে৷ এছাড়াও সহায়তামূলক আবাসন প্রকল্পগুলো নতুন ভবন নির্মাণ অথবা বিদ্যমান ভবনগুলো সংস্কার করার মাধ্যমে আশেপাশের এলাকাগুলোতে ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

প্রকল্পগুলো স্থায়ী সহায়তামূলক আবাসিক ইউনিট পরিচালনার জন্য প্রয়োজনীয় পরিষেবা ও কার্যপরিচালনার ব্যয় বহনের জন্য প্রতি বছর প্রতি ইউনিটের জন্য 25,000 ডলার পর্যন্ত পেতে পারে। প্রাপকরা তাদের আবাসন প্রকল্পের উন্নয়ন ও নির্মাণকাজের জন্য অর্থায়নের উদ্দেশ্যে পৃথক মূলধনী তহবিলের ব্যবস্থা করবে বলে আশা করা হচ্ছে৷

এই এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করে তোলার জন্য গভর্নর হোকলের সাহসী স্টেটব্যাপী পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান। এ বছরের স্টেট বাজেটে গভর্নর হোকল 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি অন্তর্ভুক্ত রয়েছে।

**অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন,** "আচরণগত স্বাস্থ্যসেবা এবং সহায়তামূলক আবাসনের প্রতি গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা হাজার হাজার ব্যক্তি ও পরিবারকে নিজদের বাড়িতে বসবাস করা অবস্থায় তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো পাওয়ার সুযোগ করে দিয়েছে। নিরাপদ ও মর্যাদাপূর্ণ আবাসন মানসিক অসুস্থতা এবং অন্যান্য আচরণগত স্বাস্থ্য সমস্যায় আক্রান্ত হয়ে বসবাসকারী লোকজনকে সফলভাবে সুস্থ হয়ে উঠার জন্য তাদের প্রয়োজনীয় স্থিতিশীলতা ও সহায়তা প্রদান করে।"

**অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports)-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন,** "ESSHI অনুদানগুলো আমাদের জন্য স্টেটজুড়ে আরো বেশি অভাবী নিউ ইয়র্কবাসীদের কাছে পৌঁছানোর সুযোগ করে দেওয়া অব্যাহত রেখেছে। আমরা জানি যে কোনো ব্যক্তির সামগ্রিক স্বাস্থ্য ও সুস্থতার উন্নতির জন্য আবাসন অত্যন্ত গুরুত্বপূর্ণ। সহায়তামূলক আবাসনের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের চলমান অঙ্গীকারাবদ্ধতা প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি কমানো, এবং সুস্থ হয়ে উঠার পরিষেবাগুলো প্রদানের জন্য OASAS-এর প্রচেষ্টাগুলোয় অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সেবা ও কর্মসূচি পুরোপুরি অব্যাহত রাখার মাধ্যমে, আমরা লোকজনের সঙ্গে তারা যে অবস্থানে রয়েছে সেখানে গিয়ে সাক্ষাত করছি এবং তাদের ব্যক্তিগত স্বাস্থ্য ও সুস্থতা সংক্রান্ত লক্ষ্যসমূহ পূরণে তাদেরকে সাহায্য করছি।"

**অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ (Office for People with Developmental Disabilities)-এর কমিশনার কেরি নেইফিল্ড বলেন,** "কমিউনিটির মধ্যে নিজের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি স্থান পাওয়া বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত একজন ব্যক্তির জন্য বিশাল পার্থক্য তৈরি করে দিতে পারে, যা প্রয়োজনীয় সহায়তাসমূহ পাওয়ার পাশাপাশি অধিকতর স্বনির্ভরতা ও অন্তর্ভুক্তি পাওয়ার সুযোগ করে দেয়। এসব আবাসিক সুযোগ-সুবিধার জন্য গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগকে ধন্যবাদ, যা জীবনকে রূপান্তর করবে এবং আমাদের কমিউনিটিগুলোকে সমৃদ্ধ করবে।"

**হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন,** "30 মিলিয়ন ডলারের এসব ESSHI অনুদান আবাসনের সরবরাহ বৃদ্ধি করা এবং গৃহহীন ও ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদেরকে নিরাপদে ও স্বনির্ভরভাবে বসবাস করার সুযোগ করে দেবে এমন অন্তর্ভুক্তিমূলক আবাসনের সুযোগ-সুবিধা প্রদান করার জন্য গভর্নর হোকলের অবিচল অঙ্গীকারাবদ্ধতার একটি উদাহরণ। এসব অনুদানের সাম্প্রতিক

রাউন্ডটি জীবন পরিবর্তন করে দেওয়া পরিষেবাসম্পন্ন 1,400টি পর্যন্ত সহায়তামূলক বাড়ি তৈরি করবে যা স্টেটের সব স্থানের লোকজনের জন্য একটি উজ্জ্বলতর, অধিকতর স্থিতিশীল ভবিষ্যতের সম্ভাবনা প্রদান করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের ঘরোয়া সহিংসতা প্রতিরোধ বিষয়ক দপ্তরের (Office for the Prevention of Domestic Violence) এক্সিকিউটিভ ডিরেক্টর কেলি ওয়েন্স বলেন,** "নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস ছাড়া, লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ভুক্তভোগীদেরকে প্রায় ক্ষেত্রেই গৃহহীন অবস্থায় থাকা অথবা আজীবন নিপীড়ন সহ্য করে যাওয়া এই দুইয়ের মধ্যে একটি বেছে নিতে বাধ্য করে। এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগ এই গুরুত্বপূর্ণ চাহিদা মোকাবেলা করে এবং আরো বেশি ভুক্তভোগীর জন্য একটি স্বাধীন জীবন অর্জনের সুযোগ তৈরি করে। আবাসনের স্থিতিশীলতা এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার মধ্যকার সংযোগ অনুধাবন করেন এবং নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদানকারী ভুক্তভোগী-কেন্দ্রিক উদ্যোগগুলোকে সহায়তা করেন এমন একজন গভর্নরের অধীনে দায়িত্ব পালন করতে পেরে আমি সম্মানিত বোধ করছি।"

**শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তরের (Office of Children and Family Services) ভারপ্রাপ্ত কমিশনার শেইলা পুলি বলেন,** "স্টেটের সবচেয়ে ঝুঁকিপূর্ণ শিশু, পরিবার ও কমিউনিটিগুলোর উন্নতির জন্য তার অবিচল অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। নিরাপদ, সুরক্ষিত ও সহায়তামূলক আবাসন সব বয়সের নিউ ইয়র্কবাসীদেরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ কমিউনিটি পরিষেবাসমূহের সাথে সংযুক্ত হওয়ার, নতুন শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ-সুবিধা গ্রহণে সচেষ্ট হওয়ার এবং অধিকতর শক্তিশালী স্বনির্ভরতার অনুভূতি নিয়ে জীবন যাপন করার জন্য অপরিহার্য স্থিতিশীলতা প্রদান করে। এই সরকারি-বেসরকারি অংশীদারিত্ব অনন্য চ্যালেঞ্জসমূহের সম্মুখীন হওয়া পরিবার ও কমিউনিটিগুলোকে এমন সব উপায়ে সমৃদ্ধি অর্জন করতে সাহায্য করার ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যা এসব জীবন পরিবর্তন করে দেওয়ার মতো সহায়তা ছাড়া কোনোভাবেই সম্ভব হতো না।"

**স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট** বলেন, "একটি স্বাস্থ্যকর বসবাসের পরিবেশের অ্যাক্সেস থাকা একজন ব্যক্তির স্বাস্থ্য সংক্রান্ত ফলাফলের নাটকীয় পরিবর্তন ঘটাতে পারে। এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের প্রতি স্টেটের অব্যাহত সমর্থনের জন্য এবং এই নতুন 30 মিলিয়ন ডলারের বার্ষিক বিনিয়োগের জন্য, যেটি 35টি কাউন্টিজুড়ে 1,400টি সহায়তামূলক আবাসিক ইউনিট নির্মাণ করবে, আমি গভর্নর হোকলের প্রশংসা করি। এই তহবিল গৃহহীন অবস্থায় রয়েছেন, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার বিরুদ্ধে লড়াই করছেন, অথবা শারীরিক বা মানসিক স্বাস্থ্য সংক্রান্ত অন্য চ্যালেঞ্জসমূহের সম্মুখীন হয়েছেন এমন আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী যাতে তাদের প্রাপ্য স্থিতিশীল আবাসন এবং মানসম্মত সহায়তা পায় সে বিষয়টি প্রত্যক্ষভাবে নিশ্চিত করবে।"

**অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের (Office of Temporary and Disability Assistance) কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ** বলেন, "এই তহবিল সাবেক গৃহহীন পরিবার ও ব্যক্তিদেরকে নিজেদের জীবন পুনরায় গড়ে তোলা এবং তাদের গৃহহীন অবস্থার সম্মুখীন হওয়ার জন্য অবদান রাখতে পারে এমন অন্তর্নিহিত চ্যালেঞ্জগুলো মোকাবেলা

করার জন্য সাহায্য করার ক্ষেত্রে একটি বিশাল পরিবর্তন নিয়ে আসবে। সহায়তামূলক আবাসনের প্রতি গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতা আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ সঙ্গী নিউ ইয়র্কবাসীদের মধ্যে কিছু মানুষ যাতে একটি নিরাপদ ও সাশ্রয়ী বাসস্থান পায় সে বিষয়টি নিশ্চিত করছে এবং জীবনকে রূপান্তর করতে সাহায্য করছে।"

**অ্যাসেম্বলি সদস্য আইলিন গুন্থার বলেন,** "নিউ ইয়র্কের সবচেয়ে ঝুঁকিপূর্ণ অধিবাসীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সংস্থানের জন্য নিউ ইয়র্ক স্টেট বিনিয়োগ করছে দেখে আমি আনন্দিত। আবাসন একটি মানবাধিকার, এবং আজ ঘোষণা করা এই তহবিল স্টেটজুড়ে একটি বাসস্থান খুঁজে পেতে, বিশেষ চাহিদাগুলো পূরণের জন্য পরিষেবা পেতে এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যাগুলো মোকাবেলা করতে সংগ্রামে লিপ্ত রয়েছেন এমন ব্যক্তিদেরকে সাহায্য করবে। আমাদেরকে যাদের সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে তাদেরকে সাহায্য করার জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতা অব্যাহত রাখতে হবে, এবং নিউ ইয়র্কের সব স্থানে যাতে সহায়তামূলক আবাসন অ্যাক্সেসযোগ্য ও লভ্য হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।"

###


আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418